Q.N.GEGR(NS)/24(11)-558 Q.P. Sl. No. 136117

# GEOGRAPHY

## ( New Syllabus )

## 2024

Total Time : 3 Hours 15 minutes | | Total Marks : 70

- পরিমিত এবং যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে । বর্ণাশুদ্ধি, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে । উপান্তে প্রশ্নের পূর্ণমান সূচিত আছে ।
- ***Special credit will be given for answers which are brief and to the point. Marks will be deducted for spelling mistakes, untidiness and bad handwriting. Figures in the margin indicate full marks for the questions.***
- संक्षिप्त तथा बिंदुवार (सटीक) उत्तर के लिए विशेष अंक दिया जायेगा। वर्तनी अशुद्धि, अव्यवस्थित तथा खराब लिखावट के मामले में अंक काटा जायेगा। उपांत के अंक पूर्णांक के द्योतक हैं।

### নির্দেশাবলি :

- এই প্রশ্নপুস্তিকাটির পৃষ্ঠা সংখ্যা **32.**
- এই প্রশ্নপুস্তিকাটি ত্রিভাষিক — বাংলা, ইংরাজী এবং হিন্দী। যদি কোনো ক্ষেত্রে সন্দেহ বা বিভ্রান্তির সৃষ্টি হয়, সেক্ষেত্রে ইংরাজী ভাষাই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- প্রদত্ত নির্দেশ অনুসারে প্রশ্নের উত্তর দাও। মূল উত্তরপত্রেই কেবল প্রশ্নের উত্তর দিতে হবে, অন্যত্র নয়।
- প্রয়োজন অনুযায়ী মূল উত্তরপত্রে রাফ / খসড়া কার্য করা যাবে এবং শেষে কোনাকুনি ভাবে কেটে দেবে।

| ভাষান্তর/Versions /भाषा | পৃষ্ঠা থেকে/From Page/पृष्ठ से | পৃষ্ঠা পর্যন্ত /To Page/पृष्ठ तक |
|---|---|---|
| বাংলা/Bengali/बांग्ला | 3 | 12 |
| ইংরাজী/English/अंग्रेजी | 13 | 22 |
| হিন্দী/Hindi /हिन्दी | 23 | 31 |

- এই প্রশ্নপুস্তিকার ২ নং পৃষ্ঠায় প্রদত্ত হিন্দী এবং ইংরাজী নির্দেশাবলি পড়ো।
- **READ THE INSTRUCTIONS IN HINDI & ENGLISH AT PAGE NO. 2 OF THIS QUESTION BOOKLET.**
- प्रश्न पुस्तिका के पृष्ठ संख्या 2 पर दिये गये हिन्दी तथा अंग्रेजी में निर्देशों को पढ़ें।

বহুবিকল্পভিত্তিক প্রশ্নাবলির **(MCQ)** এবং সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলির **(SAQ)** উত্তর, উত্তরপত্রে প্রদত্ত নির্দিষ্ট ছাপানো **TABLE**-এ লিখতে হবে।

( বহুবিকল্পভিত্তিক প্রশ্নাবলি )

1. প্রতিটি প্রশ্নের বিকল্প উত্তরগুলির মধ্যে থেকে সঠিক উত্তরটি বেছে প্রদত্ত মূল উত্তরপত্রে লেখো : $1 \times 21 = 21$

(i) আরোহণ (aggradation) প্রক্রিয়ায় গঠিত একটি ভূমিরূপ হল

(a) গ্রাইক (b) মন্থকূপ

(c) স্ট্যাক (d) পলল ব্যজনী।

(ii) পশ্চিমবঙ্গে উষ্ণ প্রস্রবণ দেখা যায়

(a) মানবাজারে (b) বক্রেশ্বরে

(c) তিনধারিয়ায় (d) কাঁকড়াঝোড়ে।

(iii) উন্মুক্ত সমুদ্রে বাতাস বাধাহীনভাবে যে দূরত্ব অতিক্রম করে তাকে বলে

(a) ফেচ্ (b) সোয়াশ

(c) ব্যাকওয়াশ (d) বার্ম।



SCIENCEMASTER.IN

(iv) মরু ক্ষয়চক্রের শেষ পর্যায়ে গঠিত সমপ্রায়ভূমিকে বলে

(a) পেনিপ্লেন (b) পেডিপ্লেন

(c) প্যানপ্লেন (d) পেডিমেন্ট ।

(v) একনত গঠনযুক্ত ভূমিভাগে গড়ে ওঠে

(a) জাফরীরূপী জলনির্গম প্রণালী

(b) কেন্দ্রবিমুখ জলনির্গম প্রণালী

(c) কেন্দ্রমুখী জলনির্গম প্রণালী

(d) অঙ্গুরীয় জলনির্গম প্রণালী ।

(vi) অ্যাণ্ডিসল্–এর একটি উদাহরণ হলো

(a) সিরোজেম মৃত্তিকা (b) পডজল মৃত্তিকা

(c) ল্যাটেরাইট মৃত্তিকা (d) কৃষ্ণ মৃত্তিকা ।

(vii) প্রশমিত বা নিরপেক্ষ (neutral) মাটির pH–এর মান হলো

(a) 5 (b) 6

(c) 7 (d) 8.

SCIENCEMASTER.IN

(viii) পৃথিবীর জলবায়ুর শ্রেণিবিভাগ করেন

(a) জে. এইচ. প্র্যাট (b) এ. ট্যান্সলে

(c) জে. সি. ফারমেন (d) ভি. কোপেন ।

(ix) একটি ওজোন অণুতে অক্সিজেনের পরমাণুর সংখ্যা

(a) 1 টি (b) 2 টি

(c) 3 টি (d) 4 টি ।

(x) শ্বাসমূলযুক্ত উদ্ভিদের একটি উদাহরণ হলো

(a) গরান (b) শাল

(c) কফি (d) বাবলা ।

(xi) 'জীববৈচিত্র্য' শব্দটি প্রথম ব্যবহার করেন

(a) ই. পি. ওডাম (b) ওয়াল্টার রোজেন

(c) নরম্যান মায়ার্স্ (d) তুজো উইলসন ।

(xii) হড়পা বান (flash-flood) সৃষ্টির মূল কারণ হলো

(a) সুনামি (b) ভূমিধ্বস

(c) মেঘ ভাঙা বৃষ্টি (d) বান ডাকা ।

SCIENCEMASTER.IN

(xiii) ভারতে কেন্দ্রীয় ধান গবেষণা কেন্দ্রটি অবস্থিত

(a) তিরুবনন্তপুরমে (b) পুনেতে

(c) গুয়াহাটিতে (d) কটকে ।

(xiv) ভারতে কফি উৎপাদনে অগ্রণী দুটি রাজ্য হলো

(a) কর্ণাটক ও কেরালা (b) কেরালা ও তামিলনাড়ু

(c) কেরালা ও অন্ধ্রপ্রদেশ (d) কেরালা ও তেলেঙ্গানা ।

(xv) ভারতে প্রথম পেট্রো-রসায়ন শিল্পকেন্দ্র স্থাপিত হয়

(a) মথুরায় (b) ট্রম্বেতে

(c) জামনগরে (d) হলদিয়ায় ।

(xvi) ডেট্রয়েট শহরটি যে শিল্পের জন্য পৃথিবীবিখ্যাত, তা হলো

(a) কাগজ শিল্প (b) পেট্রো-রসায়ন শিল্প

(c) জাহাজ নির্মাণ শিল্প (d) মোটরগাড়ী নির্মাণ শিল্প ।

(xvii) 2013 সালে ভারতে যোগাযোগ ব্যবস্থার অন্তর্গত যে পরিষেবাটি বন্ধ করে দেওয়া হয়েছে, তা হলো

(a) ডাক পরিষেবা (b) টেলিফ্যাক্স পরিষেবা

(c) টেলিগ্রাম পরিষেবা (d) ইন্টারনেট পরিষেবা ।

SCIENCEMASTER.IN

(xviii) সোনালী চতুর্ভুজ যে চারটি নগরকে যুক্ত করেছে সেগুলি হলো

(a) গুয়াহাটি, কোলকাতা, চেন্নাই, দিল্লী

(b) মুম্বাই, দিল্লী, ভুবনেশ্বর, চেন্নাই

(c) মুম্বাই, দিল্লী, কোলকাতা, চেন্নাই

(d) শ্রীনগর, মুম্বাই, কন্যাকুমারী, কোলকাতা ।

(xix) জনঘনত্ব নির্ণয়ের সূত্রটি হলো

(a) $\dfrac{\text{কোনো অঞ্চলের মোট জনসংখ্যা}}{\text{ঐ অঞ্চলের মোট ক্ষেত্রমান}}$

(b) $\dfrac{\text{কোনো অঞ্চলের মোট ক্ষেত্রমান}}{\text{ঐ অঞ্চলের মোট জনসংখ্যা}}$

(c) $\dfrac{\text{কোনো অঞ্চলের মোট জনসংখ্যা}}{\text{ঐ অঞ্চলের মোট কার্যকর জমির ক্ষেত্রমান}}$

(d) $\dfrac{\text{কোনো অঞ্চলের মোট কার্যকর জমির ক্ষেত্রমান}}{\text{ঐ অঞ্চলের মোট জনসংখ্যা}}$

(xx) পাঁচমাড়ি যে শহরের উদাহরণ তা হলো

(a) বন্দর শহর (b) শিল্প শহর

(c) প্রতিরক্ষা শহর (d) বাণিজ্য শহর ।

(xxi) ভারতের একটি পরিকল্পনা অঞ্চলের উদাহরণ হলো

(a) দার্জিলিং পার্বত্য অঞ্চল (b) হলদিয়া অঞ্চল

(c) সুন্দরবন অঞ্চল (d) পুরুলিয়া মালভূমি অঞ্চল ।



SCIENCEMASTER.IN

( সংক্ষিপ্ত উত্তরভিত্তিক প্রশ্নাবলি )

2. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয় ) : $1 \times 14 = 14$

(i) পর্যায়নের সংজ্ঞা দাও ।

অথবা

ভাদোস স্তর বলতে কী বোঝায় ?

(ii) টম্বোলো কাকে বলে ?

SCIENCEMASTER.IN

অথবা

রিয়া উপকূল কাকে বলে ?

(iii) উপত্যকার মধ্যে উপত্যকা (Valley-in-valley) সৃষ্টির কারণ উল্লেখ করো ।

(iv) অনুভূমিকভাবে পর্যায়ক্রমে কঠিন ও কোমল শিলাস্তর দ্বারা গঠিত গম্বুজাকৃতি ভূমিরূপে কোমল শিলাস্তর অনুসরণ করে কোন্ ধরনের নদী নক্‌শা সৃষ্টি হয় ?

(v) এণ্ডোডায়নামোমরফিক মাটি কাকে বলে ?

অথবা

মৃত্তিকার গ্রথন বা বুনন বলতে কী বোঝায় ?

(vi) প্রতীপ ঘূর্ণবাত কাকে বলে ?

অথবা

জেট বায়ুপ্রবাহের সংজ্ঞা দাও ।

(vii) মুক্ত ভাসমান জলজ উদ্ভিদ ও ভাসমান পাতাবিশিষ্ট প্রোথিত-মূল জলজ উদ্ভিদের একটি করে উদাহরণ দাও ।

(viii) পরিবেশ–বান্ধব পর্যটন (Eco-tourism) বলতে কী বোঝায় ?

(ix) পাহাড়ের ঢালে উপযুক্ত ভূমির ব্যবহার কোন্ ধরনের বিপর্যয় প্রতিরোধে সাহায্য করে ?

(x) চীনের 'ধানের আধার' কোন্ প্রদেশকে বলা হয় ?

অথবা

SCIENCEMASTER.IN

স্থানান্তর কৃষি কাকে বলে ?

(xi) কাগজ শিল্পে ব্যবহৃত দুটি রাসায়নিক কাঁচামালের নাম লেখো ।

অথবা

ভারতের একটি বন্দরকেন্দ্রিক লৌহ–ইস্পাত শিল্পকেন্দ্রের নাম লেখো এবং এটি কোন্ রাজ্যে অবস্থিত উল্লেখ করো ।

(xii) আউটসোর্সিং বলতে কী বোঝায় ?

(xiii) 2011 সালের জনগণনা অনুসারে ভারতের সর্বাধিক জনঘনত্বপূর্ণ রাজ্য ও সর্বাপেক্ষা জনবিরল রাজ্যের নাম লেখো ।

(xiv) স্থিতিশীল উন্নয়নের সংজ্ঞা দাও ।

অথবা

মানব উন্নয়ন বলতে কী বোঝায় ?

( বিষয়ভিত্তিক / বর্ণনামূলক প্রশ্নাবলি )

3. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (বিকল্প প্রশ্নগুলি লক্ষণীয় ) : $7 \times 5 = 35$

(a) কার্স্ট অঞ্চলে সৃষ্ট যে কোনো তিনটি ক্ষয়জাত ভূমিরূপের চিত্রসহ বর্ণনা দাও । অ্যাটল কাকে বলে ? 6 + 1

SCIENCEMASTER.IN

অথবা

স্বাভাবিক ক্ষয়চক্রের যৌবন পর্যায়ের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো । প্রস্তরচাঁই বিচ্ছিন্নকরণ ও শল্কমোচন প্রক্রিয়া দুটি চিত্রসহ ব্যাখ্যা করো । 3 + 4

(b) মৌসুমী জলবায়ু এবং ভূমধ্যসাগরীয় জলবায়ুর বৈশিষ্ট্যের তিনটি পার্থক্য লেখো । জীববৈচিত্র্যের বিনাশের মনুষ্যসৃষ্ট কারণগুলি আলোচনা করো । প্রজাতিগত বৈচিত্র্যের সংজ্ঞা দাও । 3 + 3 + 1

অথবা

ক্রান্তীয় ঘূর্ণবাতের উৎপত্তির শর্তসমূহ সংক্ষেপে আলোচনা করো । জলবায়ুর উপর এল নিনোর প্রভাব আলোচনা করো । বিশ্ব উষ্ণায়ণ বলতে কী বোঝায় ? 4 + 2 + 1

SCIENCEMASTER.IN

(c) শস্যাবর্তনের সংজ্ঞা দাও এবং এই পদ্ধতির বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো । বাজার–বাগান কৃষির গুরুত্ব আলোচনা করো । শস্য–প্রগাঢ়তা নির্ণয়ের সূত্রটি বিবৃত করো । 3 + 3 + 1

(d) বিশুদ্ধ ও অবিশুদ্ধ কাঁচামালের সংজ্ঞা দাও । শিল্পের অবস্থানে এই দুই প্রকার কাঁচামালের ভূমিকা উদাহরণসহ আলোচনা করো । পরিবহণ ব্যবস্থা ও যোগাযোগ ব্যবস্থার মধ্যে পার্থক্য নির্দেশ করো । 2 + 3 + 2

(e) জনবিবর্তন তত্ত্বের বিভিন্ন পর্যায়ের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো । বেঙ্গালুরুকে ভারতের সিলিকন ভ্যালি বলা হয় কেন ? 6 + 1

অথবা

ছত্তিশগড়ের খনিজ সম্পদের একটি সংক্ষিপ্ত বিবরণ দাও । 2011 সালের ভারতের আদমসুমারি অনুযায়ী পৌরবসতি শনাক্তকরণের মানদণ্ডগুলি উল্লেখ করো । পরিকল্পনা অঞ্চলের সংজ্ঞা দাও । 3 + 3 + 1

SCIENCEMASTER.IN